


# নতুন ক্যাস্টর হুইল লাগানো বা পরিবর্তনের নিয়মাবলি

**০১** আপনার ট্রলির যে অংশে ক্যাস্টর হুইল লাগাবেন সেখানে একটি মোটা প্লেট লাগাবেন যাতে ব্যাবহারের সময় এটি কোনোভাবে বাঁকা না হয়ে যায়। যদি কোনোভাবে ট্রলির প্লেট বাঁকা হয়ে যায় তবে ক্যাস্টর হুইল এর প্লেটও বাঁকা হয়ে যাবে।

**০২** ক্যাস্টর হুইল এর প্লেটের নাট-বোল্টের হোলের মাপে আপনার ট্রলির প্লেটের মধ্যে হোল করে নিন। ওয়েল্ডিং করলে সুইভেল প্লেটের বিয়ারিং তাড়াতাড়ি নষ্ট হয় এবং কালো রঙের সিনথেটিক ডাস্ট সিল নষ্ট হয়ে যায়। এবার জ্যাম নাট-বোল্টের সাহায্যে ক্যাস্টর হুইল কে ট্রলির প্লেটের সাথে ভালো করে সংযুক্ত করুন। এক্ষেত্রে এস এস নাট বোল্ট মরিচা প্রতিরোধক হিসাবে ভালো কাজ করে।

**০৩** ক্যাস্টর হুইল সবসময় ট্রলির নিচের অংশে ভিতরের দিকে লাগানোই সর্বোত্তম। এতে ট্রলি কোন কিছুর সাথে ধাক্কা লাগলে সে ধাক্কার শক লোড সরাসরি হুইলে লাগে না এবং এতে হুইলের লাইফটাইম বৃদ্ধি পায়।

**০৪** এবার সমতল ভূমিতে ট্রলি রেখে দেখে নিন যে সব ক্যাস্টর হুইল ভূমির সংস্পর্শে আছে কি না। যদি কোনো হুইল ভূমির সংস্পর্শে না থাকে তাহলে প্লেটের মাঝখানে অতিরিক্ত প্রয়োজনীয় প্লেট ব্যাবহার করে তা ঠিক করে নিন। (যদি কোনো হুইল ভূমির সাথে সংযুক্ত না থাকে তাহলে এটা ট্রলির লোড নিতে পারে না যার জন্য অন্য হুইল গুলোর উপরে অতিরিক্ত চাপ পরে এতে ক্যাস্টর হুইল তাড়াতাড়ি নষ্ট হয়ে যায়।)

**০৫** ট্রলির চাকা পরিবর্তনের ক্ষেত্রে সবসময় সবগুলো চাকা একসাথে পরিবর্তন করতে হবে। নতুন এবং পুরাতন চাকা মিলিয়ে লাগালে পুরাতনগুলোর জন্য নতুন চাকা বেশিদিন ব্যবহার করা যায় না। এক্ষেত্রে চাকার খরচ বেড়ে যায়।

ক্যাস্টর হুইল এর জীবনকাল আরো অনেক কিছুর উপর নির্ভর করে। সঠিক স্থানে সঠিক ক্যাস্টর হুইল না ব্যাবহার করলে ভালো পারফরমেন্স পাওয়া যায় না। তাই সঠিক ক্যাস্টর হুইল নির্বাচনের জন্য আমাদের সাথে আগে পরামর্শ করে নিন। আমাদের ক্যাস্টর হুইল জার্মানির তৈরি ও আমরা ক্যাস্টর হুইল সম্পর্কে জার্মানি থেকে প্রশিক্ষণপ্রাপ্ত। তাই, আমাদের পরামর্শে ক্যাস্টর হুইল নির্বাচন করলে আপনি সকল ধরনের সমস্যা থেকে মুক্ত হবেন এবং অনেকদিন ব্যাবহার করতে পারবেন যেটা আপনার প্রতিষ্ঠানের জন্য লাভজনক হবে।

Pioneer Trade International
+8801711851063;
+8801711851064
info@ptigroupbd.com;
pioneertradebd@gmail.com
ptigroupbd.com
House: 11 (1st Floor), Nawab Street, Wari, Dhaka-1203